কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-১ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৭.২২.০০১.১৬-৪১২

তারিখ: ০৩ অগ্রহায়ন ১৪২৩ / ১৭ নভেম্বর ২০১৬

বিষয় : 'ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৬' এর খসড়ার উপর মতামত প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। The Ground Water Management Ordinance, 1985 এর ইংরেজি সংস্করণ বাংলায় রূপান্তরপূর্বক 'ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন' প্রণয়নের লক্ষ্যে খসড়া আইন প্রস্তুত করা হয়েছে যা মতামত/পরামর্শের জন্য কৃষি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.moa.gov.bd) আপলোড করা হয়েছে।

০২। প্রস্তুতকৃত খসড়া আইনের ওপর নিম্নলিখিত মন্ত্রণালয়/বিভাগসহ সর্বসাধারণের লিখিত মতামত/সুপারিশসহ (যদি থাকে) ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: প্রস্তুতকৃত আইনের খসড়া ০৩(তিন) পাতা।

১৭.১১.১৬

(মোর্শেদা আক্তার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪১৪
ই-মেইল:dsinput1@moa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইত:পূর্বে মতামত পাওয়া গিয়েছে)
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইত:পূর্বে মতামত পাওয়া গিয়েছে)
৩। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইত:পূর্বে মতামত পাওয়া গিয়েছে)
৯। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (খসড়া আইনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

অনুলিপি:

অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন-----

২০---- সনের ------ নং আইন

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হয় এবং সিভিল আপীল নং ৪৮/২০১১ তে সুপ্রীমকোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৭নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং
যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে, The Ground Water Management Ordinance, 1985 (Ordinance No. XXVII of 1985) এর বিষয়বস্তু বিবেচনাপূর্বক রহিতক্রমে উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।-

(১) এই আইন "ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন ----" নামে অভিহিত হইবে।
(২) সরকার, সরকারি গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপনের মাধ্যমে যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে ইহা বলবৎ হইবে।
(৩) ইহা সমগ্র বাংলাদেশের জন্য প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই আইনে-

(১) "একুইফার (aquifer)" অর্থ ভূতলের নিচে যে কোন গভীরে মাটির স্তর যাহাতে পর্যাপ্ত পরিমাণের পানি সঞ্চিত থাকে এবং কূপে পর্যাপ্ত পানি সঞ্চারিত করে;
(২) "চেয়ারম্যান" অর্থ উপজেলা পরিষদের চেয়ারম্যান;
(৩) "কমিটি" অর্থ উপজেলা সেচ কমিটি;
(৪) "গভীর নলকূপ (deep tube well)" অর্থ উত্তোলনযোগ্য ভূজলতল সাত মিটারের অধিক গভীরে থাকিলে উহা হইতে পানি উত্তোলনে সক্ষম প্রধান প্রবর্তকের (prime movement) সহিত নিমজ্জনসাধ্য (submersible) পাম্প সেট টারবাইন পাম্প দ্বারা পরিচালিত এমন কোন নলকূপ;
(৫) "হস্ত চালিত গভীর নলকূপ (Deep set hand-pumped Tube well)" অর্থ সেচ বা পানি সরবরাহের কাজে ব্যবহৃত এবং ভূজলতল (water table) আট মিটারের অধিক গভীরে থাকিলে ভূগর্ভ হইতে পানি উত্তোলনে সক্ষম এমন কোন হস্তচালিত নলকূপ, যাহা পাম্পের ভাল্ব ভূতলের নিচে স্থাপনক্রমে দূরবর্তী স্থান হইতে একটি পাম্প রড দ্বারা পরিচালিত হয়;
(৬) "ড্র-ডাউন" অর্থ ভূগর্ভস্থ পানির স্তরের স্থির ভূজলতল (Static Water Level) এবং উত্তোলিত পানির স্তরের (Pumping Water Level) মধ্যকার পার্থক্য;
(৭) "নির্ধারিত (prescribed) : অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত;

(৮) "উত্তোলিত ভূজলতল (Pumping Water Level)" অর্থ কোন কূপ হইতে পানি উত্তোলনকালে নলকূপের ভিতরে পানি যে গভীরতায় অবস্থান করে সেই ভূজলতল;
(৯) "অগভীর নলকূপ (Shallow Tube Well)" অর্থ এমন নলকূপ যাহা ভূ-গর্ভস্থ উত্তোলনযোগ্য ভূজলতল পাম্প থেকে সাত মিটারের মধ্যে থাকিলে প্রাইম মোভার সংযুক্ত সেন্ট্রিফিউগাল পাম্প দ্বারা সাকশন পদ্ধতিতে পানি উত্তোলনে সক্ষম;
(১০) "স্থির ভূজলতল (Static Water Level) " অর্থ কোন পানি উত্তোলন শুরু করার পূর্বে ভূ-তল হতে কূপের ভিতরে যে জলতলে পানি অবস্থান করে;
(১১) "বায়ু চাপের সাহায্যে পানি উত্তোলনের হস্তচালিত নলকূপ (Suction lift hand-pumped Tube well)" অর্থ হস্তচালিত নলকূপ যাহা সেচ বা পানীয় জল সরবরাহের জন্য ব্যবহৃত হয়, যখন পাম্প ভাল্ব ভূমির উপরে থাকে এবং উলম্ব দূরত্বে পাম্প ভাল্ব ও উত্তোলিত ভূজলতলের গভীরতা আট মিটারের মধ্যে থাকিলে কেবল তখনই পানি উত্তোলন

করিতে পারে;

(১২) "নলকূপ" অর্থ সেচ বা পানি সরবরাহের জন্য ব্যবহৃত যে কোন গভীর/অগভীর নলকূপ, বায়ু চাপের সাহায্যে পানি উত্তোলনে ব্যবহৃত নলকূপ, বা হস্ত চালিত গভীর নলকূপ;

(১৩) "উপজেলা সেচ কমিটি" অর্থ ধারা ৪ এর অধীন উপজেলা সেচ কমিটি এবং উপজেলা হিসেবে ঘোষিত হয় নাই এমন থানার থানা সেচ কমিটিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৪) "উপজেলা পরিষদ" অর্থ স্থানীয় (উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনিক পুনর্গঠন) অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ৫৯ নং অধ্যাদেশ) এর অধীন উপজেলা পরিষদ, এবং উপজেলা ঘোষিত হয় নাই এমন থানা পরিষদও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **আইনের প্রাধান্য।**–

আপাততঃ বলবৎ অন্য কোন আইন বা কোন বিধি, প্রবিধান বা অন্য কোন দলিলে অসামঞ্জস্যপূর্ণ যাহা কিছুই থাকুক না কেন এই আইন এবং তদধীন প্রণীত বিধি প্রাধান্য পাইবে।

৪। **উপজেলা সেচ কমিটি।**–

এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক উপজেলায়, নির্ধারিত পদ্ধতিতে, উপজেলা সেচ কমিটি গঠিত হইবে।

৫। **নলকূপের লাইসেন্স।**-

(১) উপজেলা পরিষদ কর্তৃক প্রদত্ত লাইসেন্স ব্যতীত কোন স্থানে কোন নলকূপ স্থাপন করা যাইবে না।

(২) নলকূপ স্থাপনের লাইসেন্সের জন্য নির্ধারিত ফরমে উপজেলা পরিষদে আবেদন করিতে হইবে।

(৩) নির্ধারিত ফিসহ আবেদন করা না হইলে উপজেলা পরিষদ কর্তৃক কোন আবেদন গ্রহণ করা যাইবে না।

(৪) লাইসেন্সের জন্য আবেদন প্রাপ্তির পর, কমিটিকে স্থানীয়ভাবে অনুসন্ধানপূর্বক নিম্নলিখিত বিষয়ে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করিবে, যথাঃ-

(ক) যে স্থানে নলকূপ স্থাপন করা হইবে সেই স্থানের একুইফারের অবস্থা;

(খ) নিকটবর্তী বিদ্যমান নলকূপের দূরত্ব;

(গ) নলকূপ দ্বারা উপকৃত হইবে এইরূপ সম্ভাব্য এলাকা;

(ঘ) গৃহস্থালীর উদ্দেশ্যে ব্যবহৃত নলকূপসহ বিদ্যমান নলকূপের উপর সম্ভাব্য প্রভাব;

(ঙ) নলকূপ স্থাপনের জন্য স্থানের উপযুক্ততা;

(চ) লাইসেন্স প্রদানের অন্য কোনো শর্ত, যদি থাকে।

(৫) কমিটির প্রতিবেদন বিবেচনাক্রমে, উপজেলা পরিষদ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকৃত নলকূপ স্থাপন দ্বারা-

(ক) যে এলাকায় নলকূপ স্থাপন করা হইবে সেই এলাকা উপকৃত হইবে; অথবা

(খ) পারিপার্শ্বিক পরিবেশের ওপর বিরূপ প্রভাব পড়িবে না, অথবা;

(গ) অন্য কোন ভাবে উপকার পাওয়া যাইবে ;

তাহা হইলে উপজেলা পরিষদ লাইসেন্স মঞ্জুর করিতে পারিবে।

(৬) উপ-ধারা (৫) এর অধীন মঞ্জুরকৃত লাইসেন্স নির্ধারিত ফরমে এবং বর্ণিত শর্ত সাপেক্ষে হইবে।

(৭) উপজেলা পরিষদের সিদ্ধান্তে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য এই আইনের অধীনে প্রণীত বিধি দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন এবং এই বিষয়ে উক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

৬। **বিদ্যমান নলকূপের লাইসেন্স।**-

এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন কার্যকর হইবার তারিখে বিদ্যমান নলকূপ এর জন্য এই আইন কার্যকর হইবার ছয় মাসের মধ্যে নির্ধারিত ফি প্রদান পূর্বক লাইসেন্স গ্রহণ না করিলে, উহা চালনা করা যাইবে না।

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন লাইসেন্স প্রদানের জন্য কমিটি কর্তৃক কোন তদন্ত অনুষ্ঠানের প্রয়োজন হইবে না।

৭। **লাইসেন্স স্থগিতকরণ এবং প্রত্যাহার।**-

(১) কমিটি যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, লাইসেন্সের শর্ত লংঘন করা হইয়াছে, তাহা হইলে লিখিত আদেশ দ্বারা, কারণ উল্লেখপূর্বক, কোন নলকূপের লাইসেন্স স্থগিত করিতে পারিবে, এবং উপজেলা পরিষদকে অবিলম্বে বিষয়টি প্রতিবেদনযোগে অবহিত করিবে।

(২) উপজেলা পরিষদ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, লাইসেন্স স্থগিতকরণের যথেষ্ট কারণ রহিয়াছে, তাহা হইলে উহা স্থগিতকরণের আদেশ চূড়ান্ত করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, উপজেলা পরিষদ লাইসেন্স গ্রহীতাকে শুনানীর জন্য যুক্তিসংগত সুযোগ প্রদান ব্যতীত, কোন লাইসেন্স স্থগিতকরণের আদেশ অনুমোদন করিবে না।

আরও শর্ত থাকে যে, যদি লাইসেন্স স্থগিতকরনের আদেশ প্রদানের তারিখ হইতে ১৫(পনের) দিনের মধ্যে লাইসেন্স স্থগিতকরণের আদেশ অনুমোদন করা না হয়, তাহা হইলে লাইসেন্স স্থগিতকরণের আদেশ উক্ত সময় অতিক্রমের পর

বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) উপজেলা পরিষদ কর্তৃক লাইসেন্স স্থগিতকরণের আদেশের কার্যকারিতা ৪৫(পঁয়তাল্লিশ) দিন পর্যন্ত বহাল থাকিবে।

(৪) উপজেলা পরিষদ কর্তৃক লাইসেন্স স্থগিতকরণের আদেশ চূড়ান্তকরণের দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি আদেশ পুনর্বিবেচনার জন্য এই আইনের অধীনে প্রণিত বিধি দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে এবং তাহা পুনর্বিবেচনার বিষয়ে উক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

৮। লাইসেন্স বাতিলকরণ।-

উপজেলা পরিষদ, কমিটির প্রতিবেদনের ভিত্তিতে, নিম্নবর্ণিত বিষয়ে সন্তুষ্ট হইলে এই আইনের অধীনে প্রদত্ত লাইসেন্স বাতিল করিতে পারিবে-

(ক) লাইসেন্স গ্রহীতা লাইসেন্সে উল্লিখিত শর্ত লংঘন করিয়াছে; অথবা

(খ) বাতিল-আদেশ জারীর পূর্ববর্তী তারিখের ০১(এক) বৎসরের মধ্যে তিন অথবা ততোধিকবার লাইসেন্স স্থগিত করা হইয়াছে;

তবে শর্ত থাকে যে, লাইসেন্স গ্রহীতাকে শুনানীর জন্য যুক্তিসংগত সুযোগ প্রদান ব্যতীত কোন লাইসেন্স বাতিল করা যাইবে না।

৯। কর্পোরেশন কর্তৃক নলকূপ সরবরাহ, ইত্যাদি।-

আপাতত: বলবৎ কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কৃষি উন্নয়ন কর্পোরেশন অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সনের ৩৭ নং ইপি অধ্যাদেশ) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন বা অন্য যে কোন কর্তৃপক্ষ নলকূপ ব্যবসার সাথে জড়িত এইরূপ কোন ব্যক্তিকে নলকূপ সরবরাহ করিতে পারিবে না, যদি না তাহার এই আইনের অধীন প্রদত্ত নলকূপ স্থাপনের লাইসেন্স থাকে।

১০। অপরাধ।-

যদি কোন ব্যক্তি এই আইনের কোন বিধান বা তদধীন প্রণীত বিধি বিধান লংঘন করেন, তাহা হইলে তিনি অনধিক দুই হাজার টাকা পর্যন্ত অর্থদন্ডে দন্ডিত হইবেন।

১১। অপরাধের আমল যোগ্যতা।-

চেয়ারম্যানের লিখিত অভিযোগ ব্যতিরেকে, কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ বিচারার্থে গ্রহণ করিবে না।

১২। বিধি প্রণয়নের ক্ষমতা।-

এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

১৩। অব্যাহতি প্রদানের ক্ষমতা।-

সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত যে কোন প্রকল্প বা এলাকাকে এই আইনের প্রয়োগ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

১৪। রহিতকরণ ও হেফাজত।-

(১) The Ground Water Management Ordinance, 1985 (Ordinance No. XXVII of 1985) অত:পর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও,-

(ক) উক্ত অধ্যাদেশ এর অধীন কৃত বা গৃহীত কোনো কার্যধারা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) এই আইন প্রবর্তনের তারিখে উক্ত অধ্যাদেশ এর অধীন গৃহীত কোনো কার্য বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে বা চলমান থাকিবে যেন উক্ত অধ্যাদেশ রহিত করা হয় নাই।